রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
শাহজাদপুর, সিরাজগঞ্জ
লিয়াজোঁ অফিস
বাড়ি ৬৫/এ (৫-বি), রোড ৬/এ, ধানমণ্ডি, ঢাকা ১২০৯

Rabindra University, Bangladesh
Cell : 01534 006071
E-mail : rabindrauniversity2017@gmail.com
Web Site : www.rub.ac.bd

স্মারক : রবিবা/প্রশা/নিয়োগ/৪২৩/২০২১/৭২ তারিখ : ২১.০৩.২০২১

নিয়োগ বিজ্ঞপ্তি

রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর নিম্নোক্ত শূন্য পদসমূহে নিয়োগের উদ্দেশ্যে নিম্নলিখিত শর্তাদি পূরণ সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রমিক	পদের নাম ও সংখ্যা, বিভাগ/দপ্তর, বেতন স্কেল, গ্রেড ও বয়স	নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	সহকারী অধ্যাপক রবীন্দ্র অধ্যয়ন বিভাগ বেতনস্কেল : ৩৫৫০০-৬৭০১০/- বেতন গ্রেড ৬ষ্ঠ পদের সংখ্যা : ০১	ক. কোনো পাবলিক বিশ্ববিদ্যালয় হতে বাংলা/সংগীত/ নাট্যকলা/ভাষাবিজ্ঞান বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রিসহ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। খ. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম জিপিএ ৪.২৫ থাকতে হবে। গ. স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে একটিতে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ এবং অন্যটিতে সিজিপিএ ন্যূনতম ৩.৪৫ থাকতে হবে। সনাতন পদ্ধতির পরীক্ষার ক্ষেত্রে প্রার্থীদের এসএসসি থেকে স্নাতকোত্তর পরীক্ষায় অন্তত তিনটি প্রথম বিভাগ/শ্রেণি থাকতে হবে। অন্যটিতে ৫০% নম্বরসহ দ্বিতীয় বিভাগ/শ্রেণি থাকতে হবে। ঘ. স্নাতকোত্তর/সমমানের ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসেবে পাবলিক বিশ্ববিদ্যালয়ে ন্যূনতম ৩ (তিন) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। ঙ. এমফিল/সমমানের ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসেবে পাবলিক বিশ্ববিদ্যালয়ে ন্যূনতম ২ (দুই) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। চ. পিএইচডি ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসেবে পাবলিক বিশ্ববিদ্যালয়ে ন্যূনতম ১ (এক) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা/স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে প্রথম শ্রেণির কর্মকর্তা পদে ৫ (পাঁচ) বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। ছ. স্বীকৃত কোনো জার্নালে (পিয়ার রিভিউড জার্নাল) ন্যূনতম ৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে যার মধ্যে First Author হিসেবে ন্যূনতম ১ (এক) টি প্রকাশনা থাকতে হবে। জ. অন্যান্য যোগ্যতা সমান থাকলে প্রার্থীদের রবীন্দ্র-বিষয়ক প্রকাশনা বিশেষ যোগ্যতা হিসেবে বিবেচনা করা যেতে পারে।
২	সহকারী অধ্যাপক সাংস্কৃতিক ঐতিহ্য ও বাংলাদেশ অধ্যয়ন বিভাগ বেতনস্কেল : ৩৫৫০০-৬৭০১০/- বেতন গ্রেড ৬ষ্ঠ পদের সংখ্যা : ০২	ক. কোনো পাবলিক বিশ্ববিদ্যালয় হতে বাংলা/সংগীত/ নাট্যকলা/ ফোকলোর/ইতিহাস/ নৃতত্ত্ব/ প্রত্নতত্ত্ব বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রিসহ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। খ. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম জিপিএ ৪.২৫ থাকতে হবে। গ. স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে একটিতে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ এবং অন্যটিতে জিপিএ ন্যূনতম ৩.৪৫ থাকতে হবে। সনাতন পদ্ধতির পরীক্ষার ক্ষেত্রে প্রার্থীদের এসএসসি থেকে স্নাতকোত্তর পরীক্ষায় অন্তত তিনটি প্রথম বিভাগ/শ্রেণি থাকতে হবে। অন্যটিতে ৫০% নম্বরসহ দ্বিতীয় বিভাগ/শ্রেণি থাকতে হবে। ঘ. স্নাতকোত্তর/সমমানের ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসেবে পাবলিক বিশ্ববিদ্যালয়ে ন্যূনতম ৩ (তিন) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। ঙ. এমফিল/সমমানের ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসেবে পাবলিক বিশ্ববিদ্যালয়ে ন্যূনতম ২ (দুই) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। চ. পিএইচডি ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসেবে পাবলিক বিশ্ববিদ্যালয়ে ন্যূনতম ১ (এক) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা/স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে প্রথম শ্রেণির কর্মকর্তা পদে ৫ (পাঁচ) বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে।

ক্রমিক	পদের নাম ও সংখ্যা, বিভাগ/দপ্তর, বেতন স্কেল, গ্রেড ও বয়স	নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
		ছ. স্বীকৃত কোনো জার্নালে (পিয়ার রিভিউড জার্নাল) ন্যূনতম ৩ (তিন)টি প্রকাশনা থাকতে হবে যার মধ্যে First Author হিসেবে ন্যূনতম ১ (এক) টি প্রকাশনা থাকতে হবে। জ. সাংস্কৃতিক ঐতিহ্য-বিষয়ক আন্তর্জাতিক সংস্থা/ইউনেস্কো কর্তৃক প্রশিক্ষিত ও ইউনেস্কো পরিচালিত সাংস্কৃতিক ঐতিহ্য-বিষয়ক কাজের অভিজ্ঞতা এবং সাংস্কৃতিক ঐতিহ্য-বিষয়ক ফিল্ডওয়ার্কসহ আনুষঙ্গিক কর্মকাণ্ড পরিচালনায় বিশেষ অবদান থাকলে শিক্ষাগত যোগ্যতার শর্ত শিথিল করা যেতে পারে। ঝ. প্রার্থীদের সংশ্লিষ্ট বিষয়ে আন্তর্জাতিক প্রকাশনা বিশেষ যোগ্যতা হিসেবে বিবেচনা করা যেতে পারে।
৩	সহকারী অধ্যাপক অর্থনীতি বিভাগ বেতনস্কেল : ৩৫৫০০-৬৭০১০/- বেতন গ্রেড ৬ষ্ঠ পদের সংখ্যা : ০২	ক. কোনো পাবলিক বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রিসহ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। খ. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ'র যোগফল ন্যূনতম ৭.৫০, তবে কোনো পরীক্ষাতেই ৩.০০ (৫.০০ স্কেলে)-এর নিচে নয়। গ. স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতির পরীক্ষার ক্ষেত্রে প্রার্থীদের এসএসসি থেকে স্নাতকোত্তর পরীক্ষায় অন্তত তিনটি প্রথম বিভাগ/শ্রেণি থাকতে হবে। অন্যটিতে ৫০% নম্বরসহ দ্বিতীয় বিভাগ/শ্রেণি থাকতে হবে। ঘ. স্নাতকোত্তর/সমমানের ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসেবে পাবলিক বিশ্ববিদ্যালয়ে ন্যূনতম ৩ (তিন) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। ঙ. এমফিল/সমমানের ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসেবে পাবলিক বিশ্ববিদ্যালয়ে ন্যূনতম ২ (দুই) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। চ. পিএইচডি ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসেবে পাবলিক বিশ্ববিদ্যালয়ে ন্যূনতম ১ (এক) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। ছ. স্বীকৃত কোনো জার্নালে (পিয়ার রিভিউড জার্নাল) ন্যূনতম ৩ (তিন)টি প্রকাশনা থাকতে হবে যার মধ্যে First Author হিসেবে ন্যূনতম ১ (এক) টি প্রকাশনা থাকতে হবে।
৪	উপপরিচালক পরিকল্পনা ও উন্নয়ন দপ্তর বেতন স্কেল : ৪৩০০০-৬৯৮৫০/- বেতন গ্রেড ৫ পদের সংখ্যা : ০১	ক. স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম ২য় শ্রেণি/সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি থাকতে হবে। খ. শিক্ষা জীবনে ন্যূনতম ১টি প্রথম বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ থাকতে হবে। কোনো স্তরেই ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়। গ. সরকারি/পাবলিক বিশ্ববিদ্যালয়/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে প্রথম শ্রেণির কর্মকর্তা পর্যায়ের চাকরিতে ন্যূনতম ১০ (দশ) বছরের বাস্তব কাজের অভিজ্ঞতা থাকতে হবে। তন্মধ্যে ২৯০০০-৬৩৪১০/- (জা: বে: স্কেল ২০১৫) বেতনক্রমে সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) বা সমমানের পদে ন্যূনতম ৫ (পাঁচ) বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। ঘ. বিশ্ববিদ্যালয়/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে উন্নয়ন প্রকল্প প্রস্তাব প্রণয়নে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
৫	ড্রাইভার বেতনস্কেল : ৯৩০০-২২৪৯০/- বেতন গ্রেড ১৬ বয়স : অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর, পদের সংখ্যা : ০১	ক. অষ্টম শ্রেণি পাস। খ. প্রার্থীকে হালকা যান চালানোর বৈধ লাইসেন্সধারী হতে হবে এবং বিআরটিএ কর্তৃক লাইসেন্সের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে। গ. অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

অন্যান্য শর্ত :

১. প্রার্থীর নাম, মাতার নাম, পিতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, নিজ জেলা, জন্ম-তারিখ, বয়স (২১.০৩.২০২১ তারিখে), জাতীয়তা, সেল নম্বর, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা উল্লেখপূর্বক নির্ধারিত ফরমে দরখাস্ত করতে হবে।

২. সকল পরীক্ষায় উত্তীর্ণ সনদ, অভিজ্ঞতার সনদ, জাতীয় পরিচয়পত্র, সদ্য তোলা পাসপোর্ট আকারের ৩ কপি রঙিন ছবিসহ সকল সনদের সত্যায়িত অনুলিপি সম্বলিত ০৮ (আট) সেট দরখাস্ত দাখিল করতে হবে।

৩. দরখাস্তের সাথে **'রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ'**-এর অনুকূলে যে-কোনো তফসিলি ব্যাংক থেকে ক্রমিক ০১ থেকে ০৪ পর্যন্ত প্রতিটি পদের জন্য ১০০০/- (এক হাজার) টাকা এবং ক্রমিক ০৫ পদের জন্য ৫০০.০০ (পাঁচশত) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে। পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়।

৪. প্রার্থীদের অবশ্যই পদের নাম ও বর্তমান ঠিকানাসহ ১০/- টাকার অব্যবহৃত ডাকটিকেট সম্বলিত একটি ফেরত খাম দরখাস্তের সাথে সংযুক্ত করতে হবে।

৫. চাকরিরত প্রার্থীদের **অবশ্যই** যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে।

৬. দরখাস্ত আগামী ১১.০৪.২০২১ তারিখ বিকেল ৫.০০ ঘটিকার মধ্যে রেজিস্ট্রার, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ **(অস্থায়ী প্রশাসনিক ভবন : ৭৮/১ ফাহিম ম্যানসন, কান্দাপাড়া, শাহজাদপুর, সিরাজগঞ্জ অথবা ঢাকা লিয়াজোঁ অফিস : বাসা ৬৫/এ (৫/বি), রোড ৬/এ, ধানমণ্ডি, ঢাকা ১২০৯)** বরাবর ডাকযোগে পৌঁছাতে হবে। **হাতে হাতে কোনো দরখাস্ত গ্রহণ করা হবে না**। দরখাস্তের খামের উপর **পদের নাম অবশ্যই** লিখতে হবে।

৭. কোটার ক্ষেত্রে প্রার্থীর বয়স ক্রমিক ০৫ পদের জন্য সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর। প্রার্থীর বয়স প্রমাণের ক্ষেত্রে স্বীকৃত শিক্ষাবোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সনদে লিপিবদ্ধ জন্ম-তারিখ প্রকৃত জন্ম-তারিখ হিসেবে গণ্য করা হবে। বয়স সংক্রান্ত কোনো এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৮. প্রার্থী মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতনি হলে মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার সনদের (সরকারি নির্দেশ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত বা প্রতিস্বাক্ষরিত) অনুলিপি দরখাস্তের সাথে দাখিল করতে হবে।

৯. উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত উপজাতি-বিষয়ক সনদের সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। অন্যান্য কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের যথোপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে।

১০. বিদেশি বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) হতে ইস্যুকৃত সমমানের সনদ **মৌখিক পরীক্ষার সময় অবশ্যই** দেখাতে হবে।

১১. জিপিএ/সিজিপিএ-তে ফলাফলপ্রাপ্ত প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার বিভাগ/শ্রেণি নির্ধারণের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়/ইউজিসি কর্তৃক জারিকৃত সংশ্লিষ্ট প্রজ্ঞাপন/পরিপত্র অনুসরণ করা হবে। পরীক্ষার ফল প্রকাশিত হয়নি, এমন প্রার্থীর দরখাস্ত বিবেচিত হবে না।

১২. ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে। কোনো প্রার্থী নিয়োগ লাভের পর তার প্রদত্ত কোনো তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩. নিয়োগের বিষয়ে কোনোপ্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১৪. অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা শর্তের যে-কোনো একটি শিথিলযোগ্য। নিয়োগের ক্ষেত্রে অভ্যন্তরীণ প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা যেতে পারে।

১৫. প্রাপ্ত দরখাস্তসমূহ প্রাথমিক যাচাই-বাছাইয়ের পর কেবল যোগ্য প্রার্থীদেরকে লিখিত/মৌখিক পরীক্ষায় ডাকা হবে। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনোপ্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৬. দরখাস্তকারী প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূল কপি অবশ্যই দেখাতে হবে।

১৭. কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে-কোনো দরখাস্ত গ্রহণ অথবা বাতিল এবং এ নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে। নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে—

22/03/2021

(মোঃ সোহরাব আলী)
রেজিস্ট্রার
রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
শাহজাদপুর, সিরাজগঞ্জ